# বরিশাল বোর্ড-২০১৭

**যুক্তিবিদ্যা: দ্বিতীয় পত্র** বিষয় কোড: ১ ২ ২

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান: ৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶ **দৃষ্টান্ত-১:** উপস্থিত বক্তব্যে মিঠুন বই পড়া সম্পর্কে বলতে গিয়ে বললো, "বই হয় জ্ঞানের উৎস। যতবেশি বই পড়বে ততবেশি জানবে। যারা বই পড়ে তাদের জগৎ-জীবন সম্পর্কে একটি ব্যাপক ধারণা জন্মে।"

**দৃষ্টান্ত-২:** পিয়াস তার মামার কাছ সূর্য কী জানতে চাইলে মামা বললেন, "সূর্য হয় রবি।"

ক. যৌক্তিক সংজ্ঞা কী? ১

খ. স্বকীয় নামবাচক পদের সংজ্ঞা দেয়া যায় না কেন? ২

গ. দৃশ্যকল্প-১ এ প্রতিফলিত বিষয়টি কি সংজ্ঞা না বর্ণনা? ব্যাখ্যা করো। ৩


ঘ. দৃশ্যকল্প-২ এ মামার দেয়া সংজ্ঞাটি কি যৌক্তিক? উত্তরের সপক্ষে মতামত দাও। ৪

২.▶


**ছক নং-১**




**ছক নং-২**




**ছক নং-৩**




ক. যৌক্তিক বিভাগ কী? ১

খ. উল্লম্ফন বিভাগ যুক্তিদোষ বলতে কী বোঝায়? ২

গ. ছক নং-৩ এ যৌক্তিক বিভাগের কোন বিষয়টির ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. ১নং ও ২নং ছকে যে বিষয়গুলো প্রতিফলিত হয়েছে সেগুলোর তুলনামূলক বৈসাদৃশ্য বিশ্লেষণ করো। ৪

৩.▶ **ঘটনা-১:** সুফিয়ান সাহেব অফিস থেকে বাসায় ফেরার পর দেখলেন যে, তাঁর পকেটে রাখা মোবাইলটি নেই। এতে তিনি ধারণা করলেন, মোবাইলটি হয় ব্যাগে রয়ে গেছে না হয় অফিসের টেবিলেই রয়ে গেছে।

**ঘটনা-২:** এ বছর হঠাৎ করে বাজারে ইলিশের সরবরাহ বেড়ে যাওয়ায় শাহানা বেগম ভাবলেন, সাগরে হয়তো ইলিশের উৎপাদন কমে গেছে।

ক. আরোহ সমন্বয় কাকে বলে? ১

খ. কাজ চালানো প্রকল্পকে অসম্পূর্ণ প্রকল্প বলা হয় কেন? ২


গ. উদ্দীপকে উল্লিখিত ঘটনা-১ এ সুফিয়ান সাহেব প্রকল্প প্রণয়নে কোনো শর্ত লঙ্ঘন করেছে কি? ব্যাখ্যা করো। ৩

ঘ. ঘটনা-২ এ শাহানা বেগমের ধারণাটি কি প্রকল্পের শর্তের সাথে সঙ্গতিপূর্ণ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

http://teachingbd.com

৪. ▶ দৃশ্যকল্প-১: ক্রীড়া শিক্ষক তার ২০ জন ছাত্রের মধ্যে লক্ষ করলেন, শফিক হাই জাম্পে ভালো, টনিও হাই জাম্পে ভালো, তার বন্ধু নির্মলও হাই জাম্পে ভালো। এভাবে তিনি খেয়াল করলেন তার সব ছাত্রই হাই জাম্পে ভালো।
তিনি প্রধান শিক্ষককে বললেন, আমি দেখছি, এ যাবৎ যে সব ছাত্র বিভিন্ন ক্লাব থেকে কলেজে ভর্তি হয়েছে— তারা সবাই হাই জাম্পে ভালো। সুতরাং ক্লাবের সবাই হাই জাম্পে ভালো।
দৃশ্যপট-২: রাকীব ও সাকীব লম্বায় পাঁচ ফিট। দু'জনই ফুটবল খেলতে পছন্দ করে। রাকীব গণিতে নব্বই পেয়েছে। অতএব সাকীবও গণিতে নব্বই পাবে।
ক. প্রকৃত আরোহ কী? ১
খ. ঘটনা সংযোজন প্রকৃত আরোহ নয় কেন? ২
গ. দৃশ্যপট-২ এ প্রকৃত আরোহের কোন অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. দৃশ্যপট-১ এ প্রথম ও দ্বিতীয় স্তবকের পার্থক্য আরোহের দৃষ্টিকোণ থেকে বিশ্লেষণ করো। ৪

৫. ▶ দৃশ্যকল্প-১:



AB = BC = CD = AD

দৃশ্যকল্প-২: 'জ্ঞানানুরাগী কলেজের' দ্বিতীয় বর্ষের ছাত্রীদের প্রত্যেকের গণিতের খাতা স্বতন্ত্রভাবে নিরীক্ষণ করে ফলাফল পেলাম, সবাই ৮০ এর উপরে নম্বর পেয়েছে। অতএব বলা যায় যে উক্ত কলেজের দ্বিতীয় বর্ষের সব ছাত্রী হয় গণিতে $A^+$ প্রাপ্ত।
ক. অপ্রকৃত আরোহ কাকে বলে? ১
খ. 'আরোহমূলক লম্ফ আরোহের প্রাণ'— ব্যাখ্যা করো। ২
গ. দৃশ্যকল্প-১ এ কোন ধরনের অপ্রকৃত আরোহ পরিলক্ষিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এ যে আরোহের প্রতিফলন ঘটেছে আরোহ হিসেবে তার গ্রহণযোগ্যতা বিশ্লেষণ করো। ৪

৬. ▶ নিয়তির ছোট ভাই নিপুণ খেতে চায় না। তাই তার মা প্রায়ই বিভিন্ন কিছুর ভয় দেখিয়ে খাওয়ান। একদিন তিনি নিপুণকে বললেন— "তাড়াতাড়ি খাও সোনা, না খেলে ভূত এসে খেয়ে ফেলবে।"
নিয়তির বাবা কিছু আপেল কিনে আনলেন। আপেল ফরমালিনযুক্ত কি না তা দেখার জন্যে ২ সপ্তাহ রেখে দিলেন। দেখলেন ২ সপ্তাহ পরও আপেলে একটুও পঁচন ধরেনি। তিনি সিদ্ধান্ত নিলেন যে, আপেলগুলো ফরমালিনযুক্ত।
ক. বাস্তব কারণ কী? ১
খ. বৈধ প্রকল্পকে ঘটনা ব্যাখ্যার জন্য পর্যাপ্ত হতে হয় কেন? ২
গ. নিয়তির মায়ের কথায় প্রকল্পের কোন শর্তটির লঙ্ঘন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'নিয়তির বাবার কর্মকাণ্ডে প্রকল্পের চারটি স্তরই পরিলক্ষিত হয়েছে'— উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৭. ▶ দৃশ্যকল্প-১: বসন্তকাল সবসময়ই শীতকালের পড়ে আসে। অতএব, শীতকালই বসন্তকালের কারণ।
দৃশ্যকল্প-২: মি. মিজান বিতর্ক ক্লাবের সেরা। তিনি বিতর্কস্থলে উপস্থিত থাকলে ছাত্ররা বিতর্কে জয়ী হয়। আর তিনি বিতর্কস্থলে উপস্থিত না থাকলে ছাত্ররা হেরে যায়। সুতরাং মিজানই বিতর্কে জয়ী হওয়ার কারণ।
ক. কার্যকারণ প্রমাণ পদ্ধতি কী? ১
খ. দূরবর্তী কোনো ঘটনাকে কার্যের কারণ বলা যায় না কেন? ২
গ. দৃশ্যকল্প-১ এ কার্যকারণ সংক্রান্ত কোন অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এর সিদ্ধান্ত নেয়ার পদ্ধতিটি কি সবচেয়ে গ্রহণযোগ্য? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

http://teachingbd.com

৮.▶ দৃশ্যকল্প-১: দেশের জনগণ যতই আত্মসচেতন হয় দেশের উন্নয়ন ততই বৃদ্ধি পায় এবং জনগণ আত্মসচেতন না হলে দেশের উন্নয়ন হ্রাস পায়। সুতরাং আত্মসচেতনতাই দেশের উন্নয়নের কারণ।

দৃশ্যকল্প-২:

| পূর্বগ | অনুগ |
|---|---|
| xyz | অ আ ই |
| xzm | অ ঈ উ |
| xlo | অ এ ঐ |

ক. সহপরিবর্তন পদ্ধতি কী? ১

খ. পরীক্ষণ পদ্ধতিতে অপনয়ন গুরুত্বপূর্ণ কেন? ২

গ. দৃশ্যকল্প-২ এ কোন ধরনের পরীক্ষণ পদ্ধতি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃশ্যকল্প-১ ও দৃশ্যকল্প-২ উভয়ই মূলত নিরীক্ষণ পদ্ধতি— উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৯.▶ ঘটনা-১: ভূমিকম্পের কারণ জানতে চাইলে প্রভাত নাদিমকে বললো, "মাটির উপর দিয়ে যখন বসুদেবী হাঁটেন তখন ভূমিকম্প হয়।" প্রভাতের কাকু বললো, "ভূ-অভ্যন্তরীণ তাপ ও চাপ ভূপৃষ্ঠে বের হওয়ার জন্য ভূত্বকে যে কম্পনের সৃষ্টি করে তাকে ভূমিকম্প বলে।

ঘটনা-২:

| কারণ | মধ্যবর্তী স্তর | কার্য |
|---|---|---|
| সমুদ্রের পানি | বাষ্পীভূত মেঘ | বৃষ্টিপাত |

ক. অন্তর্ভুক্তি কী? ১

খ. ব্যাখ্যা আপেক্ষিক হয় কেন? ২

গ. ঘটনা-২ এ বৈজ্ঞানিক ব্যাখ্যার কোন রূপটি প্রতিফলিত হয়েছে? বর্ণনা করো। ৩

ঘ. ঘটনা-১ এ প্রতিফলিত প্রভাত ও প্রভাতের কাকুর বক্তব্যের মধ্যস্থিত পার্থক্যসমূহ বিশ্লেষণ করো। ৪

১০.▶ দৃশ্যকল্প-১: প্রিয়াংকা রান্নাঘরে তার ব্যক্তিগত সুবিধার্থে নিচের তাকে হাড়ি-বাসন, মধ্য তাকের একপাশে চায়ের সরঞ্জাম এবং অন্যপাশে সব মশলাজাতীয় জিনিস সুন্দর করে সাজিয়ে রাখলো।

দৃশ্যকল্প-২: প্রিয়াংকার বাবা একজন বিজ্ঞানী। তিনি প্রাণিজগতের ইতিহাস নিয়ে গবেষণা করছেন। তিনি পশুর গবেষণার জন্য একধরনের তত্ত্ব এবং পাখির গবেষণার জন্য অন্য ধরনের তত্ত্ব ব্যবহার করছেন।

ক. শ্রেণিকরণ কী? ১

খ. দৈনন্দিন জীবনে শ্রেণিকরণ প্রয়োজন কেন? ২

গ. দৃশ্যকল্প-১ কোন ধরনের শ্রেণিকরণকে নির্দেশ করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ প্রিয়াংকা ও তার বাবার পৃথকীকরণ প্রক্রিয়ায় প্রতিফলিত বিষয়গুলোর মধ্যে পার্থক্যসমূহ বিশ্লেষণ করো। ৪

১১.▶ দৃশ্যকল্প-১: সিক্তা রান্নার প্রতিযোগিতায় পাঁচবার অংশগ্রহণ করলে চারবার জয়ী হয় এবং করুণা ছয়বার অংশগ্রহণ করলে পাঁচবার জয়ী হয়।

দৃশ্যকল্প-২: কলেজের ৫০ বছর পূর্তি উৎসবে গেল বিজয়া। হঠাৎ করে সে একটা পরিচিত কণ্ঠের ডাক শুনতে পেল। সে মনে মনে ভাবলো এটা তার বান্ধবী শীলার ডাক। ঘুরে দেখলো শীলা হন্তদন্ত হয়ে আসছে।

খাবারের পর তাদের খেলাধুলার প্রতিযোগিতা হলো। 'স্মৃতিশক্তি পরীক্ষা' খেলায় অনেকের সংগে শীলাও অংশ নিল। খেলা শেষে শীলা বিজয়াকে বললো, "আমি সব কটা নামই লিখতে পেরেছি হয়তো একটা পুরস্কার পাব।"

ক. সম্ভাবনার আত্মনিষ্ঠ ভিত্তি কী? ১

খ. 'সম্ভাবনা' হলো জ্ঞানের সীমাবদ্ধতার প্রকাশ— ব্যাখ্যা করো। ২

গ. দৃশ্যপট-১ এ সম্ভাবনা পরিমাপের কোন নিয়মের প্রতিফলন ঘটেছে? সে নিয়ম অনুসারে সমস্যার সমাধান করো। ৩

ঘ. দৃশ্যপট-২ এ বিজয়া ও শীলার ক্ষেত্রে প্রতিফলিত বিষয়গুলোর মধ্যে পার্থক্য বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

যুক্তিবিদ্যা দ্বিতীয় পত্র

বিষয় কোড | ১ | ২ | ২ |

সময় — ৩০ মিনিট

বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: — সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. কোন পদ্ধতির অযথার্থ প্রয়োগে অবৈধ সার্বিকীকরণ অনুপপত্তি ঘটে?**
ক) পরিশেষ  খ) সহপরিবর্তন
গ) যৌথ পদ্ধতি  ঘ) অন্বয়ী পদ্ধতি

**২. কার্যকারণের মূল কথা হলো—**
i. সব ঘটনার পেছনে একটি কারণ আছে
ii. কারণ ছাড়া কোন ঘটনাই সংঘটিত হতে পারে না
iii. কারণ ছাড়া কার্য ঘটে না
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii


**৩. বৈজ্ঞানিক ব্যাখ্যার সাথে মিল নেই কোনটির?**
ক) ব্যাখ্যা করা  খ) সহজ করা
গ) স্পষ্ট করা  ঘ) বর্ণনা করা

**৪. মিশ্র কার্যকে পৃথকভাবে ব্যাখ্যা করাকে বলে—**
ক) বিশ্লেষণ  খ) সংশ্লেষণ
গ) অন্তর্ভুক্তি  ঘ) শৃঙ্খল যোজন


**৫. কোনটি চন্দ্রগ্রহণের বৈজ্ঞানিক ব্যাখ্যা?**
ক) সূর্যের ছায়া পৃথিবীর ওপর পড়লে
খ) পৃথিবীর ছায়া সূর্যের ওপর পড়লে
গ) পৃথিবীর ছায়া চাঁদের ওপর পড়লে
ঘ) চাঁদের ছায়া পৃথিবীর ওপর পড়লে

**৬. কোনটি মিশ্র কার্য?**
ক) বাতাসের বেগ  খ) দাঁড়ের বেগ
গ) নৌকার বেগ  ঘ) নদীর স্রোত

**নিচের ছকটির আলোকে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:-**



ছক-১



ছক-২

**৭. ছক-১ কোন শ্রেণিকরণকে নির্দেশ করে?**
ক) লৌকিক  খ) ক্রমিক
গ) বৈজ্ঞানিক  ঘ) অবৈজ্ঞানিক

**৮. ছক-১ ও ছক-২ নির্দেশিত শ্রেণিকরণ দুটির মধ্যে সাদৃশ্য হচ্ছে—**
i. উভয়ই বিশেষ উদ্দেশ্য সাধন করে
ii. উভয়ই স্মৃতিশক্তির সহায়ক
iii. উভয়ের মাধ্যমে সাধারণ জ্ঞান লাভ করা যায়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**৯. একাধিক মূলনীতির ভিত্তিতে বিভাগ করলে কোন ধরনের অনুপপত্তি ঘটে?**
ক) সংকর  খ) বাহুল্য
গ) ব্যাপক  ঘ) নঞর্থক

**১০. সম্ভাবনার সঠিক গাণিতিক রূপ কোনটি?**
ক) ০ থেকে ১০০  খ) ১ থেকে ১০০
গ) ১ থেকে ৯৯  ঘ) ০ থেকে ৯৯

**১১. কোনো ঘটনা ঘটার সম্ভাবনা ২০% হলে, সম্ভাবনার মাত্রা কত হবে?**
ক) $\frac{০}{৫}$  খ) $\frac{১}{৫}$  গ) $\frac{২}{৫}$  ঘ) $\frac{৪}{৫}$

**১২. যৌক্তিক সংজ্ঞা হলো কোনো পদের—**
ক) জাত্যর্থের পূর্ণ প্রকাশ
খ) জাত্যর্থের আংশিক প্রকাশ
গ) ব্যক্ত্যর্থের আংশিক প্রকাশ
ঘ) ব্যক্ত্যর্থের পূর্ণ প্রকাশ

**১৩. 'বিদ্যালয় একটি পাঠশালা'— এই সংজ্ঞার কোন ধরনের অনুপপত্তি ঘটেছে?**
ক) দুর্বোধ্য  খ) রূপক  গ) চক্রক  ঘ) বাহুল্য

**১৪. সংজ্ঞা প্রদানের সময় উল্লেখ করতে হয়—**
i. আসন্নতম জাতি  ii. বিভেদক লক্ষণ
iii. অবান্তর লক্ষণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii  গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**১৫. কোন পদটির সংজ্ঞা প্রদান সম্ভব নয়?**
ক) ব্যবসায়ী  খ) কৃষক
গ) সাপ  ঘ) রহিম

**১৬. যৌক্তিক বিভাগে একই সঙ্গে একাধিক মূলসূত্র গ্রহণ করলে কোন ধরনের অনুপপত্তি ঘটে?**
ক) অক্রমিক  খ) সংকর
গ) অজাগত  ঘ) গুণগত

**১৭. 'Dichotomy' শব্দটির উৎপত্তি হয়েছে গ্রিক শব্দ—**
ক) Dikka থেকে  খ) Dicca থেকে
গ) Dicho থেকে  ঘ) Dakho থেকে

[N.B. সঠিক উত্তর হবে Dicha]

Teachingbd.com

**উদ্দীপকের আলোকে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:**
একদিন ক্লাশে সেলিনা ম্যাডাম বৃক্ষ ও বিদ্যালয়কে ভাগ করতে বলেন। নাবিলা বৃক্ষকে ভাগ করল— সপুষ্পক, অপুষ্পক ও শৈবাল এই তিন ভাগে। আর বিনা বিদ্যালয়কে ভাগ করল- প্রাথমিক, মাধ্যমিক ও বিশ্ববিদ্যালয় এই তিন ভাগে।

**১৮. উদ্দীপকে নাবিলার বিভাগ প্রক্রিয়ায় কোন ধরনের ভ্রান্তি ঘটেছে?**
ⓚ পরস্পরাঙ্গী　ⓚ উল্লম্ফন
ⓖ অতিব্যাপক　ⓖ অব্যাপক

**১৯. নাবিলা ও বিনার বিভাগ প্রক্রিয়ার মধ্যে সাদৃশ্য হলো—**
i. উভয় বিভাগ প্রক্রিয়ায় পরিমাণের ভিন্নতা রয়েছে
ii. উভয়ই যৌক্তিক বিভাগের নিয়মের সাথে সঙ্গতিপূর্ণ নয়
iii. উভয় ক্ষেত্রেই শ্রেণিবাচক পদের উপস্থিতি রয়েছে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii　ⓚ i ও iii　ⓖ ii ও iii　ⓖ i, ii ও iii

**২০. বৈজ্ঞানিক ও অবৈজ্ঞানিক আরোহের মধ্যে পার্থক্যগত দিক হলো—**
ⓚ ঘটনা পর্যবেক্ষণ
ⓚ কার্যকারণ নিয়ম
ⓖ প্রকৃতির নিয়মানুবর্তিতা নীতি
ⓖ সার্বিক যুক্তিবাক্য প্রতিষ্ঠা

**২১. সাদৃশ্যানুমানে সম্ভাবনার মাত্রা নিরূপণের সূত্রটি হচ্ছে—**
ⓚ $\frac{\text{সাদৃশ্য}}{\text{বৈসাদৃশ্য + অজ্ঞাত বিষয়}}$
ⓚ $\frac{\text{জ্ঞাত বিষয়}}{\text{বৈসাদৃশ্য + অজ্ঞাত বিষয়}}$
ⓖ $\frac{\text{অজ্ঞাত বিষয়}}{\text{জ্ঞাত বিষয় + সাদৃশ্য}}$
ⓖ $\frac{\text{জ্ঞাত বিষয়}}{\text{বৈসাদৃশ্য + সাদৃশ্য}}$

**২২. পূর্ণাঙ্গ আরোহই প্রকৃত/যথার্থ আরোহ— এ অভিমত কার?**
ⓚ পি. কে. রায়　ⓚ ওয়েল্টন
ⓖ এরিস্টটল　ⓖ কার্ভেথ রিড

**উদ্দীপকের আলোকে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও:-**
শোভন মেহেদীকে বলল, চট্টগ্রামে ঢাকার মত বড় বড় দালান, যানবাহন ও অনেক মানুষের বসবাস রয়েছে। এখন ঢাকায় বৃষ্টি হচ্ছে; সুতরাং চট্টগ্রামেও বৃষ্টি হচ্ছে। তখন মেহেদী বলল, আমি এ যাবৎ যত বড় বড় শহর দেখেছি সবখানেই তীব্র যানজট লক্ষ করা যায়। তাই বিশ্বের সব বড় শহরই যানজটের শহর।

**২৩. উদ্দীপকে শোভনের বক্তব্যটি কোন আরোহকে নির্দেশ করে?**
ⓚ যুক্তিসাম্যমূলক　ⓚ সাদৃশ্যানুমান
ⓖ অবৈজ্ঞানিক　ⓖ বৈজ্ঞানিক

**২৪. শোভন ও মেহেদীর বক্তব্যে নির্দেশিত আরোহ দুটির মধ্যে সাদৃশ্য হচ্ছে—**
i. প্রকৃত আরোহের বৈশিষ্ট্যের দিক থেকে
ii. প্রকৃতির নিয়মানুবর্তিতা নীতির উপস্থিতির দিক থেকে
iii. সিদ্ধান্তের সার্বিকীকরণের দিক থেকে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii　ⓚ i ও iii　ⓖ ii ও iii　ⓖ i, ii ও iii

**২৫. Hypothesis শব্দটির বাংলা প্রতিশব্দ কী?**
ⓚ অনুকল্প　ⓚ অবধারণ
ⓖ সংগতি　ⓖ প্রকল্প

**২৬. প্রকল্পের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ নয় কোনটি?**
ⓚ প্রাসঙ্গিকতা
ⓚ যৌক্তিকতা
ⓖ বিরোধিতা
ⓖ বিরোধমুক্ত ধারণা

**২৭. কোনটির সাথে আরোহ সমন্বয় কথাটি সাদৃশ্যপূর্ণ?**
ⓚ একটি ঘটনার ব্যাখ্যা
ⓚ অনেকগুলো ঘটনার ব্যাখ্যা
ⓖ বহুকারণবাদ
ⓖ বহুকারণ সমন্বয়

**২৮. প্রকল্পের স্তর কয়টি?**
ⓚ ২টি　ⓚ ৩টি　ⓖ ৪টি　ⓖ ৫টি

**২৯. কোনটি ব্যতিরেকী পদ্ধতির অনুপপত্তি?**
ⓚ কাকতালীয়
ⓚ অনিরীক্ষণ
ⓖ ভ্রান্ত নিরীক্ষণ
ⓖ অবৈধ সার্বিকীকরণ

**৩০. কোনটিকে নিরীক্ষণের পদ্ধতি বলা হয়?**
ⓚ সহপরিবর্তন
ⓚ যৌথ-অন্বয়ী ব্যতিরেকী
ⓖ অন্বয়ী
ⓖ ব্যতিরেকী

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ঘ | ৩ | খ | ৪ | ক | ৫ | গ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ক | ১০ | গ | ১১ | খ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | খ | ১৭ | * | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | ক | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | গ |

http://teachingbd.com